নাটোরে ট্রাক-প্রাইভেটকার সংঘর্ষে মেহরপুরের চালক নিহত

নাটোরের বড়াইগ্রামে ট্রাক ও প্রাইভেট কারের মুখোমুখি সংঘর্ষে মেহেরপুরের সাগর হোসেন (২৯) নামে এক যুবক নিহত হয়েছেন। তিনি দুর্ঘটনাকবলিত প্রাইভেট কারটির চালক ছিলেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন।

শুক্রবার (২৭ মার্চ) ভোরে বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কের থানা মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনায় আহতদের একজন ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার আমিরগাড়ী গ্রামের আব্দুর সালামের ছেলে নোমান তরফদার। আহত অপরজনের পরিচয় নিশ্চিত হওয়া যায়নি।

বনপাড়া হাইওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান ঢাকা পোস্টকে জানান, ঢাকা থেকে মেহেরপুরগামী একটি প্রাইভেট কার (ঢাকা মেট্রো-গ ২২-২২৯২) বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কের থানা মোড় এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা ঢাকাগামী একটি ট্রাকের (ঢাকা মেট্রো-ট ১৮-৪৬৯) সঙ্গে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই প্রাইভেট কারের চালক নিহত হন।

তিনি আরও জানান, দুর্ঘটনায় আহতদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। নিহতের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলছে। দুর্ঘটনাকবলিত ট্রাক ও প্রাইভেট কার জব্দ করা হয়েছে এবং এ ঘটনায় সড়ক আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

নাটোরে ট্রাক-মাইক্রোবাস সংঘর্ষে মেহেরপুরের মা-মেয়ে

নিহত

নাটোরের বড়াইগ্রামে সিমেন্টবোঝাই ট্রাক ও যাত্রীবাহী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে ছয় জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন মেহেরপুর জেলার গাংনী উপজেলার দুই নারী ভোলারদাড় গ্রামের সিমা খাতুন (২২) এবং তার মা আনজুমান আরা (৪৫), যিনি বেতবাড়িয়া গ্রামের বাসিন্দা।

মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটে আজ বুধবার (২৩ জুলাই) সকালে, বড়াইগ্রাম উপজেলার তরমুজ পাম্প এলাকায়, বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে।
জানা গেছে, মেহেরপুর থেকে ঢাকাগামী মাইক্রোবাসটি সিরাজগঞ্জ হয়ে রাজধানীর দিকে যাচ্ছিল। পথে বিপরীত দিক থেকে আসা সিমেন্টবোঝাই একটি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে মাইক্রোবাসটি দুমড়ে- মুচড়ে যায়।

আনজুমানআরা ও সিমা খাতুন যাচ্ছিলেন সিরাজগঞ্জে, অসুস্থ নাতিকে দেখতে। পারিবারিক সূত্রে জানা গেছে, সিমার সন্তান বেশ কিছুদিন ধরে অসুস্থ, তাকে দেখতে ও খোঁজখবর নিতে যাচ্ছিলেন মা ও মেয়ে। কিন্তু পথেই ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা, আর তাতে শেষ হয়ে যায় দুই নারীর জীবন-ভ্রমণ।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, সংঘর্ষের পর ঘটনাস্থলেই পাঁচজন নিহত হন। গুরুতর আহত দুজনকে বড়াইগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে, সেখানে আরও একজনের মৃত্যু হয়। অপর আহত ব্যক্তিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এই মর্মান্তিক ঘটনায় গাংনীর ভোলারদাড় ও বেতবাড়িয়া গ্রামে নেমে এসেছে শোকের ছায়া।
পরিবারের সদস্যরা জানান, “সিমা সদ্য বিবাহিত ছিল। তার ছোট্ট সন্তান অসুস্থ। সেই সন্তানকে দেখতে যাওয়া পথেই ঘটে গেল চিরদিনের বিচ্ছেদ।”

নাটোরের নলডাঙ্গা থেকে ফেন্সিডিল ও মোটরসাইকেলসহ মাদক কারবারী গ্রেফতার

নাটোরের নলডাঙ্গা থেকে বুধবার সন্ধা সাড়ে সাতটায় হাপানিয়া বাজার থেকে ৩৫ বোতল ফেন্সিডিল ও তাদের বহনকারী ২ টি মোটরসাইকেলসহ ৪ জনকে গ্রেফতার করেছে র্যাব।
গ্রেফতারকৃতরা হলেন,নাটোরের গ্রামের নলডাঙ্গা উপজেলার পাটুল হাপানিয়া গ্রামের জামাল হোসেনের ছেলে বুলবুল প্রামানিক(২৬), বাঁশভাগ পূর্বপাড়া গ্রামের আজিম উদ্দিন দেওয়ানের ছেলে সবুজ দেওয়ান (২০) ও দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার হরিহরপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে সুজন হোসেন -৩৩, পারভবানীপুর গ্রামের জিন্নত আলীর ছেলে আরজান হোসেন (৩২), ।

র্যাবের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোয়েন্দা তথ্যের ভিক্তিতে সিপিসি -২ নাটোর র্যাব ক্যাম্পের একটি টিম পাটুল হাপানিয়া বাজারে অভিযান চালায় ।
এসময় ২ টি মোটর সাইকেল ও ৩৫ বোতল ফেন্সিডিলসহ সুজন, আরজান, বুলবুল ও সবুজকে গ্রেফতার করা হয় । এ ঘটনায় নলডাঙ্গা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে ।

নাটোরে মহান মে দিবস পালিত

জাতীয়,দলীয় পতাকা উত্তোলন ও বঙ্গবন্ধুর প্রতকিৃতিতে পূষ্পর্ঘ অর্পন এবং দোয়ার মধ্যে দিয়ে নাটোরে মহান মে দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে আজ শনিবার বেলা ১১টার দিকে শহরের কান্দিভিটাস্থ জেলা আওয়ামী লীগের অস্থায়ী কার্যলয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে সূচনা করেন। পরে তারা সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পূষ্পর্ঘ অর্পন ও দোয়া করেন।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ম

সাধারন সম্পাদক সৈয়দ মুর্ত্তোজা আলী বাবলু,জেলা শ্রমিক লীগের সভাপতি মঈনুল ইসলাম,সাধারন সম্পাদক আব্দুর রহিম সহ দলীয় নেতা- কর্মিরা।